কালের কণ্ঠ

08 JAN-2015

### ময়মনসিংহ নার্সিং কলেজ

# খোলার পর পরই ফের আন্দোলনে শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ▶

ময়মনসিংহ নার্সিং কলেজ খুলে দেওয়ার পর পরই সেই পুরনো আন্দোলন আবারও শুরু করেছে শিক্ষার্থীরা। আন্দোলনে নতুন করে যুক্ত হয়েছে বন্ধ ঘোষণার সময় দণ্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের দণ্ড বাতিল করার দাবি। দাবি আদায়ে গতকাল বুধবার শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে প্রশাসনিক ভবনের ফটকে তালা লাগিয়ে বিক্ষোভ করেছে। গত ৫ জানুয়ারি খুলে দেওয়ার আগে প্রায় দুই মাস বন্ধ ছিল ময়মনসিংহ নার্সিং কলেজ।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ছাত্রীনিবাসের আসন বরাদ্দে স্বজনপ্রীতি ও প্রশাসনিক অনিয়মের অভিযোগে গত অক্টোবর মাসের শেষদিকে ময়মনসিংহ নার্সিং কলেজের শিক্ষার্থীরা আন্দোলনে নামে। এর একপর্যায়ে শিক্ষার্থীরা কলেজের অধ্যক্ষ মনোয়ারা বেগম ও ছাত্রীনিবাসের হাউস কিপার নাজমুন নাহারের অপসারণ দাবি করে। এরপর তারা ক্লাস বর্জন করে কঠোর আন্দোলন শুরু করলে অপ্রীতিকর ঘটনা এড়াতে গত ২৭ অক্টোবর অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করে কর্তৃপক্ষ। এ সময় কলেজের একাডেমিক কাউন্সিল আন্দোলনকারী আট শিক্ষার্থীকে এক বছরের জন্য নিষিদ্ধ করে এবং বরিশাল নার্সিং কলেজে বদলির নির্দেশ দেয়।

গতকাল প্রায় সব শিক্ষার্থীই ক্যাম্পাসে উপস্থিত হয়। তবে আন্দোলনকারী কিছু শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তির ঘটনা জানতে পেরে বিক্ষুব্ধ হয়ে ওঠে শিক্ষার্থীরা। গতকাল তাঁরা বহিষ্কৃত আট শিক্ষার্থীকে ফিরিয়ে আনা এবং অধ্যক্ষ ও ছাত্রীনিবাসের হাউস কিপারের অপসারণ দাবিতে সকাল থেকে দুপুর ২টা পর্যন্ত প্রশাসনিক ভবনের ফটকে তালা লাগিয়ে বিক্ষোভ করে। এ সময় অধ্যক্ষ তাঁর কক্ষে প্রবেশ করতে পারেননি।

আন্দোলকারী শিক্ষার্থীরা জানায়, তাদের দাবি আদায় না হওয়া পর্যন্ত ক্লাস ও পরীক্ষা বর্জন করে প্রতিদিন প্রশাসনিক কার্যক্রম বন্ধ রাখা হবে।

অধ্যক্ষ মনোয়ারা বেগম বলেন, 'শিক্ষার্থীদের আন্দোলনের ঘটনায় তদন্ত কমিটি আট শিক্ষার্থীর ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছে। এ ক্ষেত্রে আমার কিছু বলার নেই।'